STAMP AFFIXED BY

STAMP SUPERINTENDENT
CALCUTTA COLLECTORATE

Admissible under Regn. Rule ... duty ... under the Indian Stamp Act. 1899 as amended by Act. III of 1922 and Section- 31 of the Calcutta Improvement Act. 1911, Schedule IA No 23

Stamp. duty Paid under the Indian Stamp Act. 1899 as amended in 1976 Rs ...2800...

Additional duty Paid under the Calcutta Improvement Act. 1911 Rs...500... Excess ...10...

Total Rs....3310...

Fee Paid—

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE. SOUTH 24-PARGANAS

[illegible],০০০ পঁচিশ হাজার টাকা পণ মূল্যের

সাফ বিক্রয় কোবালা ।।

********************************

কোবালা গ্রহিত্রী :-

শ্রীমতী সবিতা বোস, স্বামী শ্রী গৌতম বোস, জাতি-হিন্দু, পেশা-

সাং- ১০।৪৫, নেতাজী-নগর, কলিকাতা- ৭০০০৪০,

***********************( * )***********************

কোবালা দাতা :-

শ্রী কাজল মুখার্জী, পিতা সুকুমার মুখার্জী, জাতি-হিন্দু, পেশা-চাকুরী,

সাং- সি, আই, টি, বিল্ডিং ব্লক-'জি', ফ্ল্যাট নং- ৯, এন্টোফার রোড,

কলিকাতা- ৭০০০১৪ ।।

***********************( * )***********************

কস্য হাল রায়তী দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের শালি জমি জমা মায় জমি সংলগ্ন পশ্চিম পার্শ্বস্থ প্যাসেজের উপরি ও তলদেশের সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইট ও চলাচলের ক্ষমতা সমেত সম্পত্তি সম্পূর্ন নির্দায়, ও নির্দোষ অবস্থায় নিঃশর্ত্তে সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল যাদবপুর, বর্তমানে রিজেন্টপার্ক এলাকাধীন, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, জে: এল: নং ৪৫, তৌজি নং ৬৩, ৬৪, সাবেক যাদবপুর মিউনিসিপ্যাল অন্তর্গত হাল দি কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অন্তর্ভুক্ত ১১৩ নং ওয়ার্ডে, মৌজা বাঁশদ্রোনী গ্রামে হাল রিভিশন্যাল সেটেলমেন্টে ৫১৮ নং হইতে খন্ড হাল ১০৩৩ নং খতিয়ানভুক্ত ৯১৯ নং দাগের জমি সহ অন্যান্য জমি জনৈক এনামেল হক মন্ডলের স্বত্ব দখলিয় সম্পত্তি ছিল।

অত:পর এনামেল হক মন্ডল মহাশয়ের মৃত্যুর পর তাহার অন্যতম ওয়ারিশ পুত্র কালু মন্ডল তাহার পিতার ত্যক্ত সম্পত্তির মধ্যে উক্ত ১৩ শতক জমি জমা উক্ত কালু মন্ডল পৈত্যক ওয়ারিশ সূত্রে ষোল আনা অংশের মালিক স্বরূপে রিভিশন্যাল সেটেলমেন্টে জেমত তাহার নামে ১০৩৩ নং খতিয়ানে ৯১৯ নং দাগে উক্ত ১৩ শতক জমি রেকর্ডকৃত হইয়া উক্ত রেকর্ড চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয় এবং তাহাতে উক্ত কালু মন্ডল মালিক সরকারে তাহার স্বত্বাংশের উক্ত জমির দরুন বার্ষিক ২·৫৩ টাকা খাজনা আদায় দিয়া খাসে চাষাবাদ আদির দ্বারা ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত থাকেন।

অত:পর উক্ত কালু মন্ডল তাহার ১৩ শতক জমির মধ্য হইতে পৃথক চিহ্নিতমত ২ দুই কাঠা ১০ দশ ছটাক পরিমিত শালি জমি বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি অত্র দলিলের কোবালা দাতা তাহাতে সম্মত হইয়া বাজার উচিত পণ মূল্যে বিগত ইংরাজী ১২·৩·৮৫ তারিখে আলিপুর ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৫৭ নং ভল্যুমে ২৫ হইতে ৩১ নং পাতায় লিপিবদ্ধ ৩৩৫৫ নং কোবালা দলিল মূলে খরিদ করিয়া খরিদা জমির দরুন কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনে আমার নামে মিউটেশন করিয়া (যাহার এ্যাসেসি নং - ৩১-১১৩-১৭-০১০৯-৭ এবং প্রেমিসেস নং ১০৯, নিরঞ্জনপল্লী,'বি', ) উহাতে এযাবৎকাল অন্যের বিনা স্বত্ব সত্ত্বে খাসে স্বত্ববান ও মালিক দখলিকার নিযুক্ত থাকিয়া নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিয়া আসিতেছি।

এক্ষনে আমার নানাপ্রকার বৈধ কারনে এবং অর্থের আবশ্যকে আমার স্বত্ব দখলিয় উক্ত জমি জমা মধ্যে নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত এবং অত্র দলিল সাথ সংযোজিত নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সীমানা চিহ্নিত করিয়া প্রদর্শিত জমি জমা যায় সংলগ্ন রাস্তার সর্বপ্রকার ইজমেন্ট রাইট ও চলাচলের ক্ষমতা সমেত সম্পত্তি সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিত্রী তাহা অবগত হইয়া উহা আমার ধার্য্যকৃত পণ মূল্য বেলমোক্ত ২৫,০০০্ পঁচিশ হাজার টাকায় খরিদ করিতে ইচ্ছুক থাকিয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি অত্র কোবালা দাতা আপনার প্রস্তাবে সম্মত হইয়া আপনার নিকট হইতে পনের সমূদয় টাকা নিম্ন জায়মত গ্রহণ করিয়া অত্র কোবালা দলিল আপনার অনুকূলে সম্পাদন পূর্বক স্বীকার, অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত এবং অত্র সাথ গ্রথিত নকসায় প্রদর্শিত সম্পত্তিতে আমার এযাবৎকাল যে সকল স্বত্ব, স্বামিত্ব, নত্ত্ব, দখল, অধিকার, স্বার্থ, সত্ত্ব হক হকিয়ৎ দাবী দাওয়া প্রভৃতি যাহা কিছু ছিল বা আছে, তৎসমূদয় অদ্য হইতে অত্র কোবালা বলে আমা হইতে চিরতরে বিলুপ্ত হইয়া অদ্যই আপনাতে চিরতরে বর্তাইল। আপনি কোবালা গ্রহিত্রী বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে যাবতীয় স্বত্বে স্বত্ববতি ও মালিক দখলকারিনী নিযুক্ত হইয়া উপরিস্থিত মালিক সরকারের সেরেস্তায় আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্য্যকৃত খাজনা প্রদান করিয়া দাখিলা গ্রহনে উহা দান, বিক্রয়, বন্ধক, লীজ, বিনিময় প্রভৃতি সর্বপ্রকার হস্তান্তর অবস্থান্তর ও সর্ববিধ রূপান্তর করনের ক্ষমতাযুক্তে আপনি যায় আপনার ভবিষ্যত ওয়ারিশ উত্তরাধিকারী এবং স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে ভোগ দখল করিতে থাকুন ও থাকিবেন। তাহাতে অত্র কোবালা দাতা আমি যায় আমার ভবিষ্যত ওয়ারিশগণক্রমে কেহ কোনদিন কোনপ্রকারে ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা অত্র দলিল বনিয়াদে সর্বস্থানে ও সর্বপ্রকার অফিস আদালতে আইনতঃ অগ্রাহ্য ও বাতিল গণ্য হইবে ।

Kajal Mukherjee



বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত জমি জমা আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধক, লীজ, বিনিময় প্রভৃতি কোনপ্রকারের হস্তান্তর কিংবা হস্তান্তরের কোন চুক্তি বা অন্য কোনপ্রকারে দায় সংযোগ বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহাতে অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। উহার কোন জমিনে আবদ্ধ চার্জাবদ্ধ বা ক্রোকে আবদ্ধ নাই। উহা কোন দেবত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা উহা কবরস্থান নহে, আমি কাহারও বেনামদার নহি। উহা সরকার কর্তৃক ভেস্ট হয় নাই। উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানে গৃহীত হয় নাই। উহা সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাসে ও দখলে থাকাকালিন এবং উহাতে আমার উত্তম বিক্রয় স্বত্ব বিদ্যমান থাকাবস্থায় আপনার নিকট বিক্রয় করিলাম এবং উহার খাস স্বত্ব ও দখল অদ্যই আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম বা বুঝাইয়া দিলাম ।

যদি ভবিষ্যতে অত্র দলিলের বর্ণনায় কোন কিছু অসত্য বা বিপরীত বলিয়া প্রকাশ পাইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনার কোন দখলের পক্ষে কোনপ্রকার বাধা বিঘ্ন ঘটে, তাহা হইলে আপনার দেওয়া পনের টাকা সহ যাবতীয় ক্ষতি খরচার টাকা সমেত এককালিন ফেরৎ দিতে বাধ্য থাকিব। অন্যথায় মাফিক আইন আমলে আসিয়া দায়ি ও দন্ডনীয় হইব ।

যদি ভবিষ্যতে অত্র দলিলের পোষকতায় কোন সংশোধনী দলিল বা পরিপোষক দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আপনার খরচায় প্রস্তুতীয় উক্ত দলিলাদি আমি বেওজর ও বিনাপনে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিব।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম সম্যক অবগত থাকিয়া পনের টাকা মিয়া জায়মত গ্রহণ করিয়া স্বেচ্ছায় ও সজ্ঞানে অত্র কোবালা দলিল সম্পাদন করিলাম । ইতি তারিখ ইংরাজী সন ১৯৯৪ সালের ৩০শে জানুয়ারী মোতাবেক বাংলা সন ১৪০০ সালের ১৫ই পৌষ

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় :-
***************************

জেলা দক্ষিন ২৪ পরগণা, পরগণা মাগুরা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, বর্তমানে রিজেন্টপার্ক, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, রে: সা: নং ৩৮১, তৌজি নং ৬৩, ৬৪, সাবেক যাদবপুর মিউনিসিপ্যাল হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১৩ নং ওয়ার্ডের অন্তর্গত ১০৯ নং নিরঞ্জনপল্লী,' বি', প্রেমিসেসভুক্ত, জে: এল: নং ৪৫, মৌজা বাঁশদ্রোনী, হাল রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপের ১০০৩ নং খতিয়ানভুক্ত হাল ৯১৯ নয়শত উনিশ নং দাগে ১৩ শতক জমি মধ্যে অত্র দলিল সাথ সংযোজিত নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা সীমানা চিহ্নিত করিয়া প্রদর্শিত সংলগ্ন প্যাসেজে পতিত ৬ ফুট প্রশস্ত জমি সহ কমবেশ ২ দুই কাঠা ১০ দশ ছটাক পরিমিত শালি জমি মায় তৎসংলগ্ন পশ্চিম পার্শ্বস্থ ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজের উপরি ও তলদেশের সর্বপ্রকার ইজমেন্ট রাইট ও চলাচলের ক্ষমতা সমেত সম্পত্তি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার বার্ষিক হারাহারি খাজনা ১৮ পয়সা মাত্র। উর্দ্ধতন মালিক কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগণা জেলা কালেক্টরের অধিন সন সন আদায় দেয়। বিক্রীত সম্পত্তিতে চাষাবাদ হইতেছে।

চৌহদ্দি :-
*************

উত্তর :- ৯১৯ নং দাগের অংশ।

দক্ষিন :- অত্র দাগের অংশ।

পূর্ব :- ~~৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ~~ ৯২০ নং দাগেরজমি।


পশ্চিম :- ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ। ৯১৭ নং দাগভুক্ত জমি।

SITE PLAN OF R.S. DAG NO - 919 (PART) IN MOUZA - BANSDRONI. J.L. NO - 45. P.S. - REGENT PARK. DIST. - 24 PGS.

SCALE: — 1" = 20'-0"

AREA OF LAND — 2K - 10 CH - 0 SFT (MORE OR LESS) (INCLUDING 3'-0" WIDE PASSAGE)

BOUNDARY SHOWN IN RED BORDE LINE.




SURVEY & DRAWN BY —
S. Mazumder
26.12.93

।।৬।।

পনের টাকার জমা :-

******************

অদ্যরোজ নোটে ও নগদে প্রাপ্ত --- ২৫,০০০.০০ টাকা।

মং পঁচিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

Kajal Mukherjee

Kajal Mukherjee

মুসাবিদাকারক :-

**************

Alak Ranjan Basu
A.W.
Alipur Police Court
Cal-27

টাইপকারক :-

**************

তপন মান্না

শ্রী তপন মান্না,

আলিপুর, পুলিশ কোর্ট,

কলিকাতা- ৭০০০২৭ ।।

ইসাদি :-

****************

Goutam Bose
10/45 Netaji nagar Cal-

কমলদেব মহান্তী
বি৩/৩, নিরঞ্জন পল্লী
কলি-৭০

Narayan Ch. Das.
B/18 Niranjan Pally
Calcutta - 700070